



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৪১০০.০১৭.২৭.০০১.১৫- ২৬৫

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ।
১১ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, যশোর জেলার শার্শা উপজেলাধীন পুটখালী ইউনিয়ন পরিষদের ০২নং ওয়ার্ডের সদস্য জনাব মো: হাবিবুর রহমান ওরফে হাবিব বিশ্বাস এর বিরুদ্ধে অস্র আইন ১৮৭৮ এর ১৯৯/১৯(ফ) ধারায় বেনাপোল পোর্ট থানায় দায়েরকৃত মামলা নং-৫৫, তারিখ: ০৩/১০/২০২০ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে এবং জেলা প্রশাসক, যশোর বর্ণিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, যশোর জেলার শার্শা উপজেলাধীন পুটখালী ইউনিয়ন পরিষদের ০২নং ওয়ার্ডের সদস্য জনাব মো: হাবিবুর রহমান ওরফে হাবিব বিশ্বাস এর বিরুদ্ধে অস্র আইন ১৮৭৮ এর ১৯৯/১৯(ফ) ধারায় বেনাপোল পোর্ট থানায় দায়েরকৃত মামলা নং-৫৫, তারিখ: ০৩/১০/২০২০ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, যশোর জেলার শার্শা উপজেলাধীন পুটখালী ইউনিয়ন পরিষদের ০২নং ওয়ার্ডের সদস্য জনাব মো: হাবিবুর রহমান ওরফে হাবিব বিশ্বাস সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মো: আবুজাফর রিপন)

উপসচিব

ফোন: ৯৫৮৬৬০৫

ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৪১০০.০১৭.২৭.০০১.১৫- ২৬৫

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ।
১১ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: হাবিবুর রহমান ওরফে হাবিব বিশ্বাস, ইউপি সদস্য, ০২নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), পুটখালী ইউনিয়ন পরিষদ, শার্শা, যশোর।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(মো: আবুজাফর রিপন)

উপসচিব